

সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার কার্যবিবরণী

সভাপতি	ড. কায়সার মুহাম্মদ মঈনুল হাসান জেলা মৎস্য কর্মকর্তা
সভার তারিখ	২০/০৯/২০২২ খ্রি.
সভার সময়	১৪:০০ ঘটিকা
স্থান	কৃষি প্রশিক্ষণ হল রুম, গাজীপুর সদর, গাজীপুর
উপস্থিতি	পরিশিষ্ট ক

সভাপতি উপস্থিত কর্মকর্তা/কর্মচারী, মৎস্য চাষী, মৎস্য হ্যাচারি মালিক, মৎস্য খাদ্য উৎপাদনকারী/আমদানীকারক/বিক্রেতা ও অন্যান্য অংশীজনকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতি মৎস্য সেক্টরের উন্নয়নে বর্তমান সরকারে গৃহিত বিভিন্ন পদক্ষেপসমূহ সভায় উপস্থান করেন। এছাড়াও তিনি মৎস্য অধিদপ্তরের জেলা/উপজেলা পর্যায়ের কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে উপস্থিত সেবাগ্রহীতা/অংশীজনকে অবহিত করেন। অতঃপর সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, গাজীপুর সদর, গাজীপুর মৎস্য সেক্টরের সাথে জড়িত সেবা প্রত্যাশীগণ/অংশীজন কোন ধরনের সেবা কিভাবে কোথায় কখন পাবেন সে বিষয়ে বিস্তারিত ভাবে উপস্থাপন করেন। পরবর্তীতে নাগরিক সেবার আওতায় উন্নত পদ্ধতিতে মাছ ও চিংড়িচাষ এবং অন্যান্য জলজ সম্পদ ব্যবস্থাপনা বিষয়ে পরামর্শ ও চাষে সহায়তা প্রদান, মৎস্য বিষয়ে প্রশিক্ষণ, জলাশয়ের সুষ্ঠু ব্যবস্থাপনা, মৎস্য খাদ্য ও পশুখাদ্য আইন ২০১০, মৎস্য হ্যাচারি আইন ২০১০, মৎস্য খাদ্য বিধিমালা ২০১১ ও মৎস্য হ্যাচারি বিধিমালা ২০১১ এর আলোকে লাইসেন্স প্রদান ও নবায়ন, স্বাস্থ্যসম্মত ও মানসম্পন্ন মৎস্য উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণে কারিগরী সহায়তা প্রদান ইত্যাদি বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এসময়ে উপস্থিত অংশীজন মাছের পোনা ও মৎস্য খাদ্যের গুণগতমান সঠিক রাখার বিষয়ে মৎস্য হ্যাচারি/খাদ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান নিয়মিত পরিদর্শন ও লাইসেন্স নবায়নের বিষয়ে মতামত প্রদান করেন। মৎস্যচাষী ও হ্যাচারি মালিকগণ তাদের মাছচাষ ও পোনামাছ/রেণু উৎপাদন সম্পর্কিত কারিগরি সহায়তা প্রদানের বিষয়ে মৎস্য অধিদপ্তরের জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণকে অনুরোধ জানান। সভাপতি মৎস্য সেক্টরের সাথে সংশ্লিষ্ট সকলকে এ সেক্টরের উন্নয়নে ভূমিকা রাখতে সকলের সহযোগীতা কামনা করেন। তিনি মৎস্য অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণের মাধ্যমে প্রয়োজনীয় সেবা প্রদানের আশ্বাস প্রদান করেন।

**সিদ্ধান্তঃ**

- সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারগণকে অবহিত করার জন্য উপজেলা পর্যায়ে অবহিতকরণ সভার আয়োজন করতে হবে। এছাড়াও প্রতিটি কার্যালয়ের দৃশ্যমান স্থানে হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি টানিয়ে দিতে হবে।
- মৎস্য হ্যাচারি ও খাদ্য বিক্রয়কারী প্রতিষ্ঠানের লাইসেন্স নির্ধারিত সময়ের মধ্যে হালনাগাদকরণ করতে হবে। এ বিষয়ে সেবা গ্রহীতাগণ কোন প্রকার হয়রানির স্বীকার যেন না হয় সে বিষয়ে সংশ্লিষ্টদের লক্ষ্য রাখতে হবে।
- মাছচাষ বিষয়ে চাষীদের সার্বিক সহযোগীতা এবং কারিগরি পরামর্শ প্রদানসহ অন্যান্য চাহিদামাফিক সেবা প্রদান করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ড. কায়সার মুহাম্মদ মঈনুল হাসান  
জেলা মৎস্য কর্মকর্তা

স্মারক নম্বর: ৩৩.০২.৩৩০০.৪০০.১৭.০০২.২২.১৩২

তারিখ: ১২ আশ্বিন ১৪২৯  
২৭ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা
- ২) সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল), গাজীপুর
- ৩) উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল), গাজীপুর
- ৪) খামার ব্যবস্থাপক (সকল), গাজীপুর
- ৫) জনাব.....



ড. কায়সার মুহাম্মদ মঈনুল হাসান  
জেলা মৎস্য কর্মকর্তা